ভোলায় দফাদারের নেতৃত্বে মা ইলিশ শিকার, ৫ গ্রাম পুলিশ কারাগারে

ভোলায় দফাদারের নেতৃত্বে মা ইলিশ শিকারের দায়ে পাঁচ গ্রাম পুলিশসহ ৯ জনকে কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার সকালে ভোলা সদর উপজেলার সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. কাওছার হোসেন এ দণ্ডাদেশ প্রদান করেন। এ সময় দিন মোহাম্মদ ও জসিম নামের দুই জেলেকে পাঁচ হাজার টাকা করে জরিমানা করে ভ্রাম্যমাণ আদালত।

দণ্ডপ্রাপ্তরা হলেন, ভোলার দৌলতখান উপজেলার মদনপুর ইউনিয়নের গ্রাম পুলিশের দফাদার মো. ইউছুফ, একই ইউনিয়নের ১নং ওয়ার্ডের গ্রাম পুলিশ মো. মোশারেফ হোসেন (হেজু), ২নং ওয়র্ডের গ্রাম পুলিশ আব্দুল মন্নান, ৩নং ওয়ার্ডের গ্রাম পুলিশ মো. হেলাল ও ৫নং ওয়ার্ডের গ্রাম পুলিশ মো. লোকমান হোসেন। বাকি দণ্ডপ্রাপ্তরা হলেন সদর উপজেলার মো. নুরউদ্দিন, মো. ইউছুফ, মো. অহিদ, মো. ইব্রাহীম।

সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মো. আসাদুজ্জামান জানান, মঙ্গলবার সকালে মৎস্য বিভাগ ও নৌ পুলিশের একটি টিম ভোলার মেঘনা নদীতে অভিযানে নামে। এ সময় মেঘনা নদীর ভোলার খাল পয়েন্ট থেকে একটি ট্রলারে পাঁচজন গ্রাম পুলিশকে পোশাক পরিহিত অবস্থায় মাছ ও জালসহ আটক করা হয়।

তাদের কাছে ১০ কেজি মা ইলিশ ও এক হাজার মিটার কারেন্ট জাল জব্দ করা হয়। এদের বিরুদ্ধে এর আগেও নিষিদ্ধকালীন সময়ে নদীতে জেলেদের দিয়ে মাছ ধরানো এবং জেলেদের থেকে জাল-মাছ নিয়ে যাওয়াসহ নান অভিযোগ রয়েছে।

তিনি আরও জানান, গ্রম পুলিশ ছাড়াও অভিযানে আরও ৬ জেলেকে আট করা হয়েছে। এদের মধ্যে পাঁচ গ্রাম পুলিশ ও চার জেলেকে এক বছর করে কারাদণ্ড ও দুই জেলেকে পাঁচ হাজার টাকা জরিমনা প্রদান করে ভ্রাম্যমাণ আদালত।